# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date :15-07-2026
## Time: 07.35-07.40 AM Hrs
## BENGALI MORNING BULLETIN

---

**Rath jatra – Agartala, Melaghar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিকেলে মেলাঘরে নয়দিনব্যাপী ঐতিহ্যবাহী রথের মেলার উদ্বোধন করবেন। মেলাঘরের জগন্নাথবাড়ি প্রাঙ্গণে উল্টো রথ পর্যন্ত এই মেলা চলবে।

এদিকে, রথযাত্রাকে কেন্দ্র করে আগরতলার শ্রীশ্রী জগন্নাথ জিউ মন্দিরে প্রস্তুতি চলছে। ভগবান জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রার রথ নতুন সাজে সেজে উঠছে। পাশাপাশি, মন্দির প্রাঙ্গণে পাঁচ দিনব্যাপী ধর্মসভা, মেলা এবং বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মন্দিরের মহারাজ জানান, প্রশাসনের নির্দেশিকা মেনেই এ বছর রথযাত্রা অনুষ্ঠিত হবে। ভক্তদের জন্য বিশেষ প্রসাদ বিতরণের ব্যবস্থাও রাখা হয়েছে। তাছাড়া রথযাত্রা উপলক্ষ্যে ইস্কন মন্দির ও হরে কৃষ্ণ মন্দিরেও প্রস্তুতি চলছে।

********************

**Traffic police :**

ট্রাফিক পুলিস ইউনিটের উদ্যোগে আগরতলায় নজরুল কলাক্ষেত্রে গতকাল গাড়ি চালকদের চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরের উদ্বোধন করে পুলিশ মহানির্দেশক অনুরাগ বলেন, রাজ্যে যান দুর্ঘটনা কমেছে। দুর্ঘটনায় হতাহতের সংখ্যা শূন্যের কাছাকাছি নিয়ে আসতে পুলিশ উদ্যোগ গ্রহন করেছে। এরই অঙ্গ হিসেবে সরকারি ও বেসরকারি গাড়ি চালকদের জন্য এই শিবিরের আয়োজন করা হয়েছে। ট্রাফিক পুলিশ সুপার কান্তা জানগীর জানিয়েছেন, শিবিরে ৬১২ জন যান চালকের চক্ষু পরীক্ষা করা হয়েছে। এরমধ্যে দুশো জনকে লেন্স দেওয়া হয়েছে। পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠকও শিবিরে উপস্থিত ছিলেন।

*********************

**Mukhamantri Niramay Aroghya South :**

দ্বিতীয় পর্যায়ে দক্ষিণ জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের সূচনা করেছেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বিলোনিয়া সার্কিট হাউসে গতকাল এই অভিযানের সূচনা করেন তিনি। মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, এই অভিযানে জেলার ১৪৮ টি উপ স্বাস্থ্য কেন্দ্রে একটি করে স্বাস্থ্য শিবির ও ৮ টি ব্লকে ৩ টি করে স্বাস্থ্য শিবির করে ৩০ বছরের বেশি মানুষদের রক্তচাপ, ডায়াবেটিস সহ অসংক্রামিত রোগগুলি নির্নয়ের জন্য পরীক্ষা নিরীক্ষা করা হবে।

************************

**Health secretary-Gomati :**

সামগ্রিক স্বাস্থ্য পরিষেবা খতিয়ে দেখতে এবং পরিকাঠামোগত মানোন্নয়নের লক্ষ্যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্তে গতকাল গোমতী জেলা হাসপাতাল পরিদর্শন করেন। তিনি হাসপাতালের ব্লাড ব্যাংকসহ একাধিক গুরুত্বপূর্ণ বিভাগ ঘুরে দেখেন। পাশাপাশি, কর্তব্যরত চিকিৎসক, নার্সিং অফিসার ও স্বাস্থ্যকর্মীদের সঙ্গে সরাসরি কথা বলে পরিষেবার বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবগত হন।

পরে তিনি জানান, ক্রমবর্ধমান রোগীর চাপ সামলাতে হাসপাতাল চত্বরে আরও একটি ১০০ শয্যাবিশিষ্ট ভবন নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। খুব শীঘ্রই এই নির্মাণ কাজ শুরু হবে বলেও শ্রী গিত্তে জানান।

***********************

**Virtual Workshop :**

পঞ্চায়তি রাজ মন্ত্রকের অধীনে আয়োজিত এক ভার্চুয়াল কর্মশালায় গত ১৩ ও ১৪ জুলাই ছত্তিশগড়, পাঞ্জাব, অসম ও ত্রিপুরা সহ সাতটি রাজ্যের প্রতিনিধিরা অংশ নেন, যার মূল উদ্দেশ্য ছিল নিজস্ব উৎসের রাজস্ব (OSR) বৃদ্ধির মাধ্যমে পঞ্চায়েতগুলিকে আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলা। রাষ্ট্রীয় গ্রাম স্বরাজ অভিযান (RGSA)-এর আওতায় ন্যূনতম ৫০ লক্ষ টাকা OSR-যুক্ত গ্রাম পঞ্চায়েত এবং ১ কোটি টাকা OSR-যুক্ত ব্লক পঞ্চায়েতগুলির কাছ থেকে লাভজনক প্রকল্পের প্রস্তাব চাওয়া হয়েছে, যা PPP, CSR, ব্যাংক ঋণ এবং NABARD ও HUDCO-র সহায়তায় বাস্তবায়িত হবে। কর্মশালায় সচিব বিবেক ভরদ্বাজ স্থানীয় সম্পদ ও উদ্ভাবনী ধারণার ওপর জোর দেন।

*********************

**Green Grass :**

কেন্দ্রীয় সরকারের পশুপালন ও দুগ্ধ উৎপাদন বিভাগের  কর্মসূচি "রাষ্ট্রীয় লাইভস্টক মিশন"এর আর্থিক সহায়তায় ঊনকোটি জেলাতেও গবাদি প্রাণীদের জন্য উচ্চফলনশীল নেপিয়ার ঘাস চাষ করা হচ্ছে। কৈলাশহরের জারুইলতলী পঞ্চায়েতের কৃষক সুকুমার সিংহ আড়াই কানি জমিতে ঘাস চাষ করে লাভবান হয়েছেন। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডাঃ তপন রায় জানান, সরকারি প্রকল্পে গো-খাদ্য ঘাস উৎপাদনের জন্য জেলার কৃষকদের উৎসাহিত করা হচ্ছে।

**********************

**Workshop udaipur :**

সাংবাদিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উদয়পুরে গোমতী জেলা পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত দুই দিন ব্যাপী প্রশিক্ষণ শিবির আজ শেষ হচ্ছে l গতকাল, ত্রিপুরা সরকারের স্কিল ডেভেলপমেন্ট অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেছেন গোমতী জেলা শাসক রিঙ্কু লাথের l শিবিরে জেলার 65 জন  সাংবাদিক অংশ নিয়েছেন l

*********************

**Mayor Visit :**

আগরতলা পুর নিগমের ২০ নম্বর ওয়ার্ড এলাকার মধ্যপাড়া চলমান সংঘ এলাকায় নির্মীয়মান পুকুর প্রকল্পের কাজ গতকাল সরেজমিনে পরিদর্শন করেছেন মেয়র দীপক মজুমদার। পরিদর্শনকালে তিনি নির্মাণকাজের অগ্রগতি খতিয়ে দেখেন। মেয়র জানান, রাজ্য সরকারের মূল লক্ষ্য মানুষের উন্নয়ন ও নাগরিকদের জন্য আধুনিক পরিকাঠামো গড়ে তোলা। আগামী সেপ্টেম্বর মাসের মধ্যেই চলমান সংঘ এলাকায় পুকুর উদ্বোধন হবে বলেও তিনি জানান।

********************

**LOCKER CO -OPERATIVE BANK UDAIPUR :**

ত্রিপুরা কো-অপারেটিভ আরবান ব্যাংক লিমিটেডের উদয়পুর শাখায় ‘লকার সুবিধা’ চালু হয়েছে । আধুনিক ব্যাংকিং পরিষেবাকে আরও শক্তিশালী ও গ্রাহকবান্ধব করে তুলতে এই উদ্যোগ বলে ব্যাংক কর্তৃপক্ষ জানিয়েছে। উদয়পুর ব্রহ্মাবাড়িতে গতকাল এই পরিষেবার সূচনা করেন গোমতী জেলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়।

**********************

**FIFA :**

ফুটবল বিশ্বকাপে প্রথম সেমিফাইনালে স্পেন ফ্রান্সকে ২-0 গোলে হারিয়ে ফাইনালে পৌঁছে গেল। আগামী রবিবার ফাইন্যালে স্পেন খেলবে আর্জেন্টিনা বনাম ইংল্যান্ড ম্যাচের জয়ী দলের সঙ্গে।

********************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ দুপুর পর্যন্ত আকাশ সাধারনত মেঘলা থাকবে, হালকা থেকে মাঝারি বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে| দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৫.৪ মিলিমিটার|

******************

*******************